

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
মানুষদের মধ্যে যারা ইব্রাহীমের
অনুসরণ করেছিল, তারা, আর এই নবী
এবং যারা এ নবীর প্রতি ঈমান এনেছে
তারা ইব্রাহীমের ঘনিষ্ঠতম-আর আল্লাহ
হচ্ছেন মুমিনদের বন্ধু।
সূরা আল ইমরান ৬৮

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রীমৎস্য সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১০২৭৭০৪

**নৌবাহিনী ও বিমানবাহিনী
নির্বাচনী পর্ষদের উদ্বোধন
করলেন প্রধানমন্ত্রী**
কীর্তনখোলা ডেস্ক
রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত
পছন্দ-অপছন্দের উপরে উঠে পেশাগত
দক্ষতা, সততা ও নেতৃত্বের গুণাবলির
ভিত্তিতে ২ এর পাতায় দেখুন

**জ্বালানিসংকটের জন্য
সরকার দায়ী নয়
প্রাকৃতিক: রিজভী**
কীর্তনখোলা ডেস্ক
রিজভী জ্বালানিসংকটের জন্য বর্তমান
সরকার দায়ী নয় বলে মন্তব্য করেছেন
বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও
প্রধানমন্ত্রীর ২ এর পাতায় দেখুন

**চবিশ ফাইনাল
যুদ্ধ নয়, রিহাসাল:
জামায়াত আমির**
কীর্তনখোলা ডেস্ক
চবিশশের ছাত্র-জনতার অভ্যুত্থান
ফাইনাল যুদ্ধ নয়, বরং যুদ্ধের রিহাসাল
বলে মন্তব্য করেছেন জামায়াতে
ইসলামীর ২ এর পাতায় দেখুন

**কিছু সদস্য অর্থ মন্ত্রণালয়ের
কর্মটিকে ‘অলংকারিক
কমিটি’ হিসেবে নিয়েছেন**
কীর্তনখোলা ডেস্ক
অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী
কমিটিকে সরকারদলীয় কয়েকজন
‘অলংকারিক কমিটি’ হিসেবে নিয়েছেন
বলে ২ এর পাতায় দেখুন

খাল থেকে আয়রন ব্রিজ তুলে নিলেন স্বেচ্ছাসেবকদল নেতা

সুদেব মালাকার, রাজাপুর
বালকটির রাজাপুরে দাণ্ডরিক কোনো অনুমতি ছাড়াই জনগুরুত্বপূর্ণ
একটি আয়রন ব্রিজের লোহার মালামাল তুলে নেয়ার অভিযোগ উঠেছে
এক স্বেচ্ছাসেবকদল নেতার বিরুদ্ধে। গত শুক্রবার (২১ আগস্ট)
আগস্ট উপজেলার সাতুরিয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড উত্তর
তারারনিয়া এলাকায় এদবর
খালের ওপর থাকা
জনগুরুত্বপূর্ণ একটি পুরোনো
আয়রন ব্রিজের বীম সহ
মালামাল তুলে নেয়ার সময়
স্থানীয়দের বাধার মুখে পড়ে
সাতুরিয়া ইউনিয়ন
স্বেচ্ছাসেবক দলের সাধারণ
সম্পাদক মামুন আকন।
পথচারীদের চলাচলের বিকল্প
বাবস্থা না করে ব্রিজ টি খুলে
ফেলায় প্রায় চার ঘণ্টার
কয়েকশত মানুষের যাতায়াত
বন্ধ হয়ে চরম দুর্ভোগ সৃষ্টি
হয়েছে। স্থানীয়রা জানান,
দীর্ঘদিন ধরে খালের ওপরের
এই সেতুটি ব্যবহার করে
আশপাশের কয়েকটি গ্রামের মানুষ নিয়মিত যাতায়াত করতেন। স্থল
শিক্ষার্থী, নারী, ব্যক্তিগত বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ প্রতিদিন সেতুটি
দিয়ে পারাপার হতেন। মানুষের চলাচলের বিকল্প কোনো না করে
ইউনিয়ন পরিষদ চোরামান ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনো প্রকার

অনুমতি ছাড়াই গোপনে ব্রিজের বীম ও মালামাল তুলে নিয়ে যাওয়ার
সময় আমরা দেখতে পেয়ে তাকে বাধা দেই। পরে এলাজিউডি অফিস
থেকে লোক এসে মালামালের লিস্ট করে স্থানীয় গ্রাম পুলিশ হোমোয়ে
এর জিমায় দিয়ে যায়। স্থানীয়দের দাবি, সেতুটি পুরোনো হওয়ায় কিছু
অংশের দ্রাব ভেঙে গিয়েছিলো। স্থানীয়রা ক্ষতিগ্রস্ত অংশে সুপারি গাছ
ব্যবহার করে চলাচল
করতেন। তারপরও সেতুটি
ছিল তাদের চলাচলের
একমাত্র মাধ্যম। এ বিষয়ে
স্বেচ্ছাসেবকদল নেতা মামুন
আকন বলেন, “সেতুর
মালামাল তুলেছি,পরিষদে
জমা দেয়ার জন্য। সাতুরিয়া
ইউনিয়ন পরিষদের
চোরামান মাইনুল হায়দার
নিপু ও ৪,৫,৬ ওয়ার্ড এর
সংরক্ষিত মহিলা ইউপি
সদস্য কিরোজা খানম এর
অনুমতি নিয়ে খাল থেকে
আয়রন ব্রিজের বীম ও
মালামাল তুলেছি। মানুষের
চলাচলের বিকল্প বাবস্থা না
করে আপনি ব্রিজের বীম ও মালামাল নেয়ার কে এমন প্রশ্নের জবাবে
মামুন আকন জানায়,আমি এলাকায় সামাজিক কাজ করি তাই। এ
বিষয়ে জানার জন্য ৪,৫,৬ ওয়ার্ড এর সংরক্ষিত মহিলা ইউপি সদস্য
কিরোজা খানমের ব্যবহারিত মোবাইলে ২ এর পাতায় দেখুন



বাড়ির ছাদে ইয়াবা সেবনে
বাধা দেওয়ায় স্কুলশিক্ষককে
চারজনকে হত্যা

কীর্তনখোলা ডেস্ক
বাড়ির ছাদে ইয়াবা সেবনে বাধা
দেওয়ায় রংপুর জিলা স্কুলের
অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি
চক্রবর্তী জুয়েল, তার স্ত্রী ও দুই
সন্তানকে হত্যা করা হয়েছে বলে
জানিয়েছে পুলিশ। এ ঘটনায়
অভিযুক্ত দুইজনকে গ্রেপ্তার করা
হয়েছে। রোববার (২৩ আগস্ট)
দুপুরে নিজ কার্যালয়ে রংপুর
মেট্রোপলিটনের পুলিশের
কমিশনার মোহাম্মদ আবদুল
মাবুন এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য
জানান। গ্রেপ্তারকৃতরা হলেন-
নগরীর মাছুয়াপাড়া এলাকার
কানুনাসের ছেলে মুকুদাস (২৩)
ও বিনয়চন্দ্র দাসের ছেলে সিদ্ধার্থ
দাস (১৯)। এর আগে শনিবার
(২২ আগস্ট) রাত ১১টার দিকে
রংপুর নগরীর মাছুয়াপাড়ার
একটি বাসা থেকে অবসরপ্রাপ্ত
স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তী
জুয়েল (৬০), তার স্ত্রী প্রীতিলতা
চক্রবর্তী ভোলা (৫০),
স্নাতকোত্তর ২ এর পাতায় দেখুন



স্থানীয় সরকার মন্ত্রী ড. আবদুল মঈন খানের সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে ফুলেল শুভেচ্ছা জানান বরিশাল
সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন

বরিশাল সিনিয়র জজ আদালতে সার্টিং কপি নিয়ে নানা অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল সিনিয়র জজ
আদালতের একটি দেওয়ানি
মামলার সার্টিং কপিতে মামলার
কার্যক্রম স্থগিত সংক্রান্ত তথ্য
উল্লেখ না থাকার অভিযোগ
উঠেছে। এ ঘটনায় আদালতের
নথির সঙ্গে দাখিল করা সার্টিং
কপির তথ্যের সামঞ্জস্য নিয়ে প্রশ্ন
দেখা দিয়েছে। অভিযোগ ও
করেন। ২ এর পাতায় দেখুন

জুনিয়র বৃত্তি পরীক্ষা শুরু ৮ ডিসেম্বর, সময়সূচি প্রকাশ

কীর্তনখোলা ডেস্ক
চলতি বছরের অষ্টম শ্রেণির
জুনিয়র বৃত্তি পরীক্ষা আগামী ৮
ডিসেম্বর থেকে সারা দেশে
একযোগে এ পরীক্ষা শুরু হবে।
চারটি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত
হবে। পরীক্ষা শেষ হবে ১৫
ডিসেম্বর। রোববার (২৩
আগস্ট) মাধ্যমিক ও উচ্চশিক্ষা
অধিদপ্তর (মোউশি) তাদের
ওয়েবসাইটে পরীক্ষার সময়সূচি
ও পরীক্ষার্থীদের জন্য বিশেষ
নির্দেশনা প্রকাশ করা হয়েছে।
শিক্ষা মন্ত্রণালয়ের পূর্বঘোষিত
শিক্ষাপঞ্জি অনুযায়ী, জুনিয়র বৃত্তি
পরীক্ষা ১৫ থেকে ২০
ডিসেম্বরের মধ্যে অনুষ্ঠিত
হওয়ার কথা ছিল। তবে গত ৬
আগস্ট ঢাকা শিক্ষা বোর্ডে
অনুষ্ঠিত এক বিশেষ সভায়
পরীক্ষা কিছুটা এগিয়ে আনার
সিদ্ধান্ত হয়। এর পরিস্থিতিতেই
নতুন সময়সূচি প্রকাশ করা
হয়েছে। প্রকাশিত সূচি অনুযায়ী,
৮ ডিসেম্বর মঙ্গলবার বাংলা
বিষয়ের পরীক্ষা দিয়ে জুনিয়র
বৃত্তি পরীক্ষা শুরু হবে। ১০
ডিসেম্বর ২ এর পাতায় দেখুন

স্থানীয় সরকার মন্ত্রীর সাথে বরিশাল সিটি প্রশাসকের সৌজন্য সাক্ষাৎ

কীর্তনখোলা রিপোর্ট
নবনিযুক্ত স্থানীয় সরকার, পল্লী
উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড.
আবদুল মঈন খানের সাথে
সৌজন্য সাক্ষাৎ করেছেন
বরিশাল সিটি কর্পোরেশনের
প্রশাসক অ্যাডভোকেট বিলকিস
আক্তার জাহান শিরীন।
রোববার সকালে মন্ত্রণালয়ে
মন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ
অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে
নবনিযুক্ত মন্ত্রীকে ফুলেল
শুভেচ্ছা ও অভিনন্দন জানান
প্রশাসক। এ সময় বরিশাল
নগরীর সার্বিক উন্নয়ন, নাগরিক
সেবা বৃদ্ধিকরণ এবং চলমান
বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে
ইতিবাচক আলোচনা হয়।
সাক্ষাৎকালে আরো উপস্থিত
ছিলেন স্থানীয় সরকার, পল্লী
উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর
শাহে আলমসহ বিভিন্ন সিটি
করপোরেশনের প্রশাসক এবং
মন্ত্রণালয়ের
উর্ধ্বতন
কর্মকর্তারা।



বরিশালে প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ প্রাথমিক শিক্ষাব্যবস্থায় সংস্কার ও কার্যকর উদ্যোগ গ্রহণ করা হচ্ছে

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রী তারেক
রহমানের কোনো শিশু স্কুলের
বাইরে থাকবে না এবং প্রতিটি
শিশুই শিক্ষাে এই দুই ভিশন
বাস্তবায়নে সরকার দৃঢ়ভাবে কাজ
করছে বলে জানিয়েছেন প্রাথমিক
ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি
হাজ্জাজ। তিনি বলেন, দেশের
কোনো শিশু যেন শিক্ষার বাইরে
না থাকে এবং প্রতিটি শিশু যেন
বিদ্যালয়ে গিয়ে কার্যকরভাবে
শিক্ষিত পারে এ লক্ষ্যকে সামনে
রেখে প্রাথমিক শিক্ষাব্যবস্থায়
প্রয়োজনীয় সংস্কার, জবাবদিহি
ও কার্যকর উদ্যোগ গ্রহণ করা
হচ্ছে। প্রাথমিক শিক্ষাব্যবস্থা
পরিচালনায় নতুন নীতিমালা
প্রণয়ন করা হবে বলে
জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা
মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি
হাজ্জাজ। তিনি বলেন, এ লক্ষ্যে
এই নিয়ে মধ্য তিনটি বিভাগে
কর্মশালা ২ এর পাতায় দেখুন



পারিবারিক কবরস্থানে চিরনিদ্রায় শায়িত সাংবাদিক এম মিরাজ

কীর্তনখোলা রিপোর্ট
তৃতীয় জালাজা শেষে বরিশালের
সাংবাদিক অঙ্গনের পরিচিত মুখ
এম মিরাজ হোসাইনের দাফন
সম্পন্ন হয়েছে। রোববার (২৩
আগস্ট) বাদ জোহর মেহেদীগঞ্জ
উপজেলার কাজীরহাট থানার
আন্ধারমানিক ইউনিয়নের
আজিমপুর গ্রামের মিয়াবাড়ির
পারিবারিক কবরস্থানে তাকে
দাফন করা হয়। এর আগে
রোববার সকাল ৯টায় বরিশাল
নগরীর ত্রিশ গোড়াউন এলাকার
ধান গবেষণা রোডে অবস্থিত

ডেউয়ের তোড়ে ট্রলারডুবি, বেঁচে গেলেন ১৬ জেলে

বরগুনা প্রতিনিধি
বঙ্গোপসাগরে মাছ শিকার করতে
গিয়ে রাইসা মনি নামে বরগুনার
একটি ট্রলার ডুবির ঘটনা
ঘটেছে। উত্তাল সাগরের ঢেউয়ের
আঘাতে তলা ফেটে ওই ট্রলারটি
ডুবে যায়। তবে ট্রলারটিতে থাকা
১৬ জন জেলেই পাশের
আরেকটি ট্রলারে উঠতে পারায়
নির্ভেজ অথবা প্রাণহানির কোনো
ঘটনা ঘটেনি। রোববার (২৩
আগস্ট) বিকেলে বরগুনা জেলা
মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির
সভাপতি গোলাম মোস্তফা
চৌধুরী ২ এর পাতায় দেখুন

প্রেমঘটিত কলহের জেরে যুবককে হত্যা ৭ দিনের মাথায় খিলক্ষেত থেকে মূলহোতা রফিকুল গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
খুলনা জেলার রূপসা থানার চাঞ্চল্যকর ও নৃশংস মোঃ জয়নুল ঢালী
ওরফে জয় ঢালী (২৫) হত্যা মামলার প্রধান আসামি রফিকুল ইসলাম
হুদয় ওরফে রাকিবুল ইসলাম (৩০)-কে গ্রেফতার করেছে রংগাপিড
আ্যকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। হত্যাকাণ্ড সংঘটিত হওয়ার মাত্র সাত
দিনের মাথায় রাজধানী ঢাকার খিলক্ষেত এলাকা থেকে তাকে
গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রফিকুল ইসলাম হুদয় খুলনা জেলার
রূপসা থানার দুর্জনীমহল গ্রামের এনতহাজ আলীর ছেলে। গোপন
সংবাদে জানতে পেরে আধুনিক তথ্যপ্রযুক্তির সহায়তায় র‍্যাব-৮
(সদর কোম্পানী, বরিশাল) ও র‍্যাব-১ (সদর কোম্পানী, উত্তরা,
ঢাকা)-এর যৌথ অভিযানিক দল শনিবার (২২ আগস্ট) বিকেলে
অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। র‍্যাব জানায়,
ভিকটিম জয় ঢালী প্রেম করে বিয়ে করার তার শ্বশুরবাড়ির লোকজনের
সঙ্গে দীর্ঘ দিন ধরে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, শিশুগণ খাবার গ্রহণের বাসনা আত্মপরিচয় বরিশাল সরকারি প্রকৌশল কলেজ,
বাংলা বিজ্ঞানের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে প্রতিষ্ঠিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক।
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক,
সরকারি অট্টপলঝাড় কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ গ্রহণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাবে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ পাটলাডাঙ্গা, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হুদয় লাল ও কলকাতা রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুদয় লাল ও কলকাতা রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম. কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম. কলেজ রোডের পশ্চিম দিকে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম. কলেজ রোডের পশ্চিম দিকে 01717-488083



জেলেদের সঙ্গে ট্রলারে দুপুরের খাবার খেলেন নৌপরিবহন প্রতিমন্ত্রী

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর মহিপুরে জেলেদের সঙ্গে মাছ ধরার ট্রলারে দুপুরের খাবার
খিয়েছেন নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান। এ
সময় জেলেদের সঙ্গে সরাসরি মতবিনিময় করে তাদের জীবনযাপন,
নৌযান চালাতে ও সমুদ্রযাত্রার বিভিন্ন সমস্যা সম্পর্কে খোঁজ নেন
তিনি। রোববার (২৩ আগস্ট) মহিপুরে ‘নৌযান সন্মার-২০২৬’
পরিদর্শন ও জেলেদের সঙ্গে মতবিনিময় সভা শেষে খাপড়াভাঙ্গা নদী
ও মাছ ধরার ট্রলার পরিদর্শনের সময় এ ঘটনা ঘটে। মতবিনিময়
সভায় ট্রলিং ট্রলারের প্রসঙ্গ তুলে প্রতিমন্ত্রী বলেন, ট্রলিং ট্রলারের
বিষয়টি নিয়ে সবাইকে আরও সচেতন হওয়া উচিত। দিনশেষে
অভিযোগের তীর রাজনৈতিক দলের দিকেই আসে। ট্রলিং ট্রলার বন্ধ
না হলে দেশের ক্ষতি, মানুষের ক্ষতি, নেতৃত্বের ক্ষতি, সর্বোপরি
ভোটারের ক্ষতি। তিনি আরও বলেন, সামনে বেশ কয়েকটি নির্বাচন
রয়েছে। মানুষের কাছে ভোট চাইতে হবে। জেলেদের ক্ষতি করে
এমন কোনো কর্মকাণ্ড চলতে দেওয়া ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রত্যয়ী পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

লঞ্চ থেকে কিশোরীর ঝাঁপ

হাসানগঞ্জ গ্রামের বাসিন্দা ছিল। পরিবারের সদস্যরা জানান, সে মানসিক প্রতিবন্ধী ছিল। স্থানীয়রা জানায়, উপজেলার সদর ইউনিয়নের বাড়িশায়া গ্রামের পাশ দিয়ে বয়ে যাওয়া মেঘনা নদীতে মরদেহ ভেসে যেতে দেখে এলাকার লোকজন হিজলা নৌ-পুলিশকে খবর দেয়। পরে পুলিশ গিয়ে মরদেহটি উদ্ধার করে নৌ-ফাঁড়িতে নিয়ে আসে। হিজলা নৌ-ফাঁড়ির ভারপ্রাণ্ত কর্মকর্তা (ওসি) মো.ইয়াসিনুল হক বলেন, ‘মরদেহের পরিচয় শনাক্ত করা গেছে। তার বাড়ি ভোলার চরক্ষ্যাশন উপজেলায়। তার পরিবারকে খবর পাঠানো হয়েছে।’ তিনি আরও বলেন, ‘সকালে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে ময়নাতদন্তের জন্য বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। রিপোর্ট আসলে বলা যাবে কীভাবে তার মৃত্যু হয়েছে।’

পরিবারের সবাইকে অচেতন

ভেঙে ভেঙেের প্রবেশ করেন। এ সময় তিনজনকে ঘরের বিভিন্ন স্থানে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। ডাকাডাকি করে জ্ঞানানোর পরও তারা ঠিকমতো দাঁড়াতেও পারছিলেন না। পরে দ্রুত তাদের উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নেওয়া হয়। স্থানীয়রা জানান, ঘরে ঢুকে তারা ট্রাকের তালো খোলা এবং ঘরের জিনিসপত্র এলোমেলো অবস্থায় দেখতে পান। পরে পরিবারের সদস্যরা জানান, ট্রাকের ভেতরে নগ্ন ৭০ হাজার টাকা ও মাহিনুর বেগমের স্বর্ণের কানের দুল ছিল। এসব মালামাল পাওয়া যায়নি। স্থানীয় বাসিন্দা ফিরোজ মল্লিক বলেন, খবর পেয়ে তিনি ওই বাড়িতে গিয়ে তিনজনকে অসুস্থ অবস্থায় দেখতে পান। পরে প্রতিবেশীদের সহযোগিতায় তাদের উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নেওয়া হয়। তখন তাদের অবস্থা খুবই খারাপ ছিল এবং পুরোপুরি জ্ঞান ক্ষেপেনি। হাসপাতালে চিকিৎসাবীনি আমির হোসেন বলেন, রাত ৮টার দিকে আমরা খাবার খেয়ে ঘুমিয়ে পড়ি। এরপর সকাল ৯টা পর্যন্ত আমাদের কোনো হুঁশ ছিল না। আমির হোসেনের বড় ছেলে মিরাজ বলেন, তিনি ঢাকায় চাকরি করেন। সকালে গ্রামের প্রতিবেশীদের কাছ থেকে ফোনে ঘটনাটি জানতে পারেন। বর্তমানে তার বাবা-মা ও ছোট ভাই হাসপাতালে ভর্তি রয়েছেন। তিনি অভিযোগ করে বলেন, ঘরে থাকা ৭০ হাজার টাকা ও তার মায়ের সোনার কানের দুলসহ নানা প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে গেছে দুর্বৃত্তরা। জিরাগণর খাবার ভারপ্রাণ্ত কর্মকর্তা (ওসি) মো. মহকুতাব বান বলেন, ‘ভুক্তভোগী পরিবারের সঙ্গে কথা হয়েছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে। এখনও লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’

বরিশালে নকল প্যাকেট ও অনুমোদনহীন

একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের অনিয়ম না করার জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষকে সতর্ক করা হয়েছে। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপপরিচালক অপর অধিকারীর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। স্থানীয় ভোক্তারা বলছেন, নকল প্যাকেট, অনুমোদনহীন ট্রেডমার্ক ও প্রয়োজনীয় লাইসেন্সবিহীন পণ্য বাজারজাতের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হলে ভোক্তাদের স্বার্থ আরও সুরক্ষিত হবে। পাশাপাশি মানহীন ও নকল পণ্যের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারি অব্যাহত রাখার দাবি জানিয়েছেন তারা।

জনবল সংকটে ঝুঁকছে আমতলী উপজেলা

অনুমোদিত পদে কর্মরত আছেন ১৩ জন। নার্স/ওর্থ শ্রেণি ৩১ জন অনুমোদিত পদে কর্মরত আছেন১৬ জন। অফিস সহায়ক ১০ জন অনুমোদিত পদে কর্মরত আছেন ২ জন। আয়া অনুমোদিত পদে কর্মরত ২ জন থাকলেও সেখানে দেখা যায় গুন্ধ্য। এমটি-লাাব কর্মকর্তা পদে ১ জন অনুমোদিত পদেও সেখানেও দেখা যায় গুন্ধ্য। হাসপাতালে আসা এক রোগীর স্বজন বলেন, “ভাঙ্গার ও নার্স অসহ্য অল্প। সেবা পাইতে ঘটনার পর ঘটনা লাইনে দাঁড়াইয়া থাকা লাগে।” আরেকজন বলেন, “বেড নাই, বারান্দায় থাকতে হয়। টেস্ট করাইতে বাইরে যাওয়া লাগে। এমটিও বাহিরে থেকে কলিক্ত হয়।” আমতলী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হিমেল পাল বলেন, “জনবল সংকটের কারণে আমরা সেবা দিতে হিমশিম খাছি। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে বারবার জানানো হয়েছে। দ্রুত জনবল নিয়োগ দিলে রোগীদের সেবার মান বাড়বে।” স্থানীয়রা অবিলম্বে হাসপাতালের শূন্য পদে জনবল নিয়োগ ও অচল যন্ত্রপাতি চালসে জোর দাবি জানিয়েছেন।

সিগারেট এনে না দেয়ায় ৩ জনকে কুপিয়ে

হোসেন, সুমন চন্দ্র দাস, রীনা রানী ও সেকালী রানীসহ স্থানীয়া বক্তরা দেন। বক্তারা বলেন, ব্যবসায়ী ও সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। হামলার ঘটনায় জড়িত রাজা ফকিরের দৃষ্টান্তমূলক শাস্তি না হলে এ ধরনের ঘটনা আবারও ঘটতে পারে। স্থানীয় সূত্রে জানা যায়, গত শুক্রবার (২১ আগস্ট) দুপুরে অন্য দোকান থেকে সিগারেট এনে না দেওয়ায় কেন্দ্র করে ক্ষিপ্ত হন ফারুক ফকিরের ছেলে রাজা ফকির (৩০)। একপর্যায়ে তিনি ব্যবসায়ী সমীর চক্রবর্তী ও তার দুই ছেলেকে কুপিয়ে আহত করেন। কচুয়া বাজার সমিতির সভাপতি মো. মোস্তফা হেলাল কিরন বলেন, ‘সমীর চক্রবর্তী ও তার দুই ছেলেকে কুপিয়ে আহত করার ঘটনায় আমরা ব্যবসায়ীরা অসন্তুষ্ট। এ ঘটনার প্রতিবাদে বাজারের সব দোকানপাট এক ঘণ্টা বন্ধ রেখে আমরা বিক্ষোভ ও মানববন্ধন করেছি। আমরা চাই, হামলায় জড়িত ব্যক্তির দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হোক এবং কচুয়া বাজারের ব্যবসায়ীদের নিরাপত্তা নিশ্চিত করা হোক।’ কাঠালিয়া থানার ভারপ্রাণ্ত কর্মকর্তা (ওসি) মো. নাজের রায়হান বলেন, হামলার ঘটনার পরপরই রাজা ফকিরকে আটক করে পুলিশ। পরে আহত ব্যবসায়ী সমীর চক্রবর্তীর স্ত্রী রীনা রানী বানী হয়ে ওই দিন বিকেলে রাজা ফকিরসহ দুজনকে আসামি করে কাঠালিয়া থানায় মামলা করেন। এ ঘটনায় আইনগত প্রক্রিয়ায় চলমান থাকবে।

চিকিৎসা ও ওষুধের ব্যয়ে দিশেহারা

অনেক পরিবার চিকিৎসার খরচ মেটাতে খাবারের তালিকা ছোট করে ফেলেছে। কেউ কেউ পরিবারের প্রয়োজনীয় পুষ্টিকর খাবারও নিয়মিত কিনতে পারছেন না। কাউখালী সদর এলাকার মধ্যবিত্ত পরিবারের সদস্য নজরুল ইসলাম বলেন, সংসারের কয়েকজনের নিয়মিত ওষুধ লাগে। মাসে ওষুধ কিনতেই বেশ কিছু টাকা চলে যায়। এরপর বাজার খরচ, ছেলেমেয়েদের পড়াশোনা, বিদ্যুৎ বিলসহ অন্যান্য খরচ আছে। সবকিছু মিলিয়ে মাসের শেষ দিকে হাতে টাকা থাকে না। আগে যে আয়ে সংসার মেটানুমুটি চলত, এখন একই আয়ে চলা কঠিন হয়ে পড়েছে। নিম্নআয়ের শ্রমজীবী আবুল বাশার বলেন, দিনে কাজ করলে সংসার চলে, কাজ না থাকলে সমস্যা হয়। এর মধ্যে পরিবারের কেউ অসুস্থ হলে ওষুধ কিনতে গিয়ে অনেক সময় ধার করতে হয়। চিকিৎসা করা, নাকি পুরোপুরি খাবার কিনব- এমন চিন্তায় পড়তে হয়। মাছ-মাংস তো দূরের কথা, অনেক সময় ভালোভাবে কিন বেলা খাবার জোগাড় করাও কঠিন হয়ে যায়। স্থানীয়দের অভিযোগ, সমাজের একটি অংশ সরকারি চাকরি ও বিভিন্ন সুযোগ-সুবিধার অওভায় থাকলেও অধিকাংশ মানুষই সীমিত আয়ের ওপর নির্ভর করে জীবনযাপন করেন। তাদের আয় বাড়ছে না, অথচ জীবনযাত্রার ব্যয় প্রতিনিয়ত বাড়ছে। বিশেষ করে দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত পরিবারের সদস্য থাকলে চিকিৎসা ও ওষুধের খরচ পরিবারের অর্থনৈতিক অবস্থাকে আরও দুর্বল করে দিচ্ছে। অভিভাবকদের অলোকেই বলাছেন, পরিবারের আয়ের একটি বড় অংশ চিকিৎসায় ব্যয় হওয়ায় সন্তানদের

পুষ্টিকর খাবার, শিক্ষা ও অন্যান্য মৌলিক চাহিদা পূরণেও সংকট দেখা দিচ্ছে। দীর্ঘদিন ধরে পর্যাপ্ত ও পুষ্টিকর খাবার কিনতে না পারায় নিম্নআয়ের অনেক পরিবারের শিশু ও বয়স্ক সদস্যদের পুষ্টি নিয়ে উদ্বেগ তৈরি হচ্ছে। সাধারণ মানুষের দাবি, নিতাপ্রয়োজনীয় দ্রব্যের বাজারমূল্য নিয়ন্ত্রণের পাশাপাশি ওষুধের দামও সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। একই সঙ্গে ওষুধের মূল্যতালিকা, অতিরিক্ত দাম আদায় ও অপ্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার বিষয়েও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়মিত নজরদারি চান তারা। কাউখালীর মধ্যবিত্ত ও নিম্নবিত্ত মানুষের প্রত্যাশা সরকার বাজারদর নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা নেবে এবং চিকিৎসা ও ওষুধের ব্যয় কমিয়ে সাধারণ মানুষের নাগালের মধ্যে নিয়ে আসবে। এতে সীমিত আয়ের মানুষ অন্তত চিকিৎসা ব্যয় মটিয়ে পরিবারের মৌলিক খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় চাহিদা পূরণ করতে পারবেন।

বাংলাদেশ-ভারত গঙ্গা চুক্তি নবায়ন

পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। বিহারের উপমুখ্যমন্ত্রী ও পানিসম্পদমন্ত্রী বিজয় কুমার চৌধুরী শনিবার (২২ আগস্ট) এ তথ্য জানিয়েছেন। চলতি বছরের শেষ দিকে ভারত-বাংলাদেশের গঙ্গা পানিবিন্দন চুক্তির নবায়ন প্রক্রিয়া শুরু হওয়ার কথা। গত শুক্রবার নয়াদিল্লিতে জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন বিহারের মুখ্যমন্ত্রী স্ম্রাট চৌধুরী, উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার চৌধুরী এবং জনতা দল ইউনাইটেডের (জেডিইউ) আসসদ সঞ্জয় কুমার বা। বৈঠকে ভারতের বর্থমন্ত্রী নিরলা সীতারামন এবং পররাষ্ট্র, জলশক্তি ও অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বিহারের দীর্ঘদিনের অভিযোগ, বাংলাদেশ-ভারতের মধ্যে পানি ভাগ্যাপাণির চুক্তি করার সময় রাজ্যটির স্বার্থ যথাযথভাবে বিবেচনা করা হয়নি। বিজয় কুমার চৌধুরী বলেন, ফারাক্কা ব্যারাজে পৌছানো পানির বড় অংশই বিহারের নদী অববাহিকা এলাকা থেকে আসে। কিন্তু পানীয় জল, সেচ ও শিল্পের ব্যবহারের জন্য বিহার তার ন্যায্য অংশ পায়নি। এই বিষয়টি গঙ্গা চুক্তি নবায়নের সময় গুরুত্ব দিয়ে বিবেচনার দাবি জানিয়েছে রাজ্যটি। বৈঠকে বিহারের পানি সম্পদ, সেচ এবং জল ব্যবস্থাপনা নিয়েও আলোচনা হয়। বিহারের এসব দীর্ঘদিনের উদ্বেগের বিষয়ে কেন্দ্র ইতিবাচকভাবে সাড়া দিয়েছে বলে জানিয়েছেন বিজয় কুমার চৌধুরী।

রোহিঙ্গাদের মানবাধিকার রক্ষায় মিয়ানমারকে

ধরেই আমরা এগিয়ে যাবো। আমি প্রত্যাশা করি, রোহিঙ্গাদের মানবাধিকার নিশ্চিত হোক এবং তারা তাদের মাতৃভূমিতে ফিরে যাক। রোববার (২৩ আগস্ট) জাতীয় প্রেস ক্লাবের তফাজ্জল হাসেন মানিক মিয়া হলে নীতি গবেষণা কেন্দ্রের উদ্যোগে আয়োজিত ‘রোহিঙ্গা সংকট : বর্তমান বাস্তবতা ও ভবিষ্যৎ করণীয়’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী বলেন, যেভাবে রোহিঙ্গা ইস্যুকে আন্তর্জাতিকভাবে দেখা হচ্ছে, আমাদের বিষয়টিতে একইভাবে দেখাছি। এটি মূলত মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা। রোহিঙ্গারা মিয়ানমারের নাগরিক, মিয়ানমারের জনগোষ্ঠী ও মিয়ানমারের মানুষ। তাদের মানবাধিকার রক্ষায় মিয়ানমার সরকারকে অশেষই কার্যকর পদক্ষেপ নিতে হবে। তিনি বলেন, বাংলাদেশ সরকার বিস্ত্রয় সময়ে মিয়ানমারকে বিভিন্নভাবে বলাও ও বোঝানোর চেষ্টা করেছে যে রোহিঙ্গারা তাদের ভূগর্ভের অধিবাসীরা অংশ। সেই জায়গা থেকে অতীতে শহীদ রঊপ্তি জিয়াউর রহমান এবং বালোদা জিয়ার সরকার যেভাবে রোহিঙ্গা ইস্যুকে আন্তর্জাতিক পর্যায়ে আত্রেস করিয়েছেন, পরবর্তী সরকারগুলো সেভাবে আত্রেস করেনি বা করতে পারেনি। তিনি আরও বলেন, আমাদের আমেরিকাকে এটা (রোহিঙ্গা ইস্যু) বোঝাতে হবে, চীনকে বোঝাতে হবে, ভারতকে বোঝাতে হবে। আমরা মনে করি, অবশ্যই তাদের সঙ্গে আলোচনা করার বিষয় রয়েছে। তবে সবর আগে যাদের বোঝাতে হবে, তাই বিধায় বাংলাদেশের জনগণ। মন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষকে দল-মত নির্বিশেষে, সব মতভেদ ভুলে এক কাতারে দাঁড়াতে হবে। আমাদের বুঝতে হবে এই ভুখণ্ড, এই বাংলাদেশ সবর আগে। যখন ভুখণ্ডের কোনো বিষয় নিয়ে আমরা আন্তর্জাতিকভাবে মোকাবিলা করতে চাই, তখন ধরে নিতে হবে, সেই আন্দোলনকে মোকাবিলা হচ্ছে আমাদের স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য। দেশের মানুষের ভালো ও কল্যাণের জন্য। আলাদাজ্ঞান্যন বলেন, ১৯৭১ সালে যে রক্তক্ষয়ী সঙ্গ্রামের মধ্য দিয়ে বাংলাদেশের জন্ম হয়েছিল, সেই বাংলাদেশেরের প্রতিটি মানুষেরই দেশের প্রতি একটি কর্তব্যবোধ রয়েছে। আমাদের সংবিধানের ২১ অনুচ্ছেদেও বিষয়টি উল্লেখ করা রয়েছে। আন্তর্জাতিকভাবে আমরা কীভাবে এসব বিষয় মোকাবিলা করব, সেটিও আমাদের সংবিধানের ২৫ অনুচ্ছেদে বলা হয়েছে। সংবিধানের ২৫ অনুচ্ছেদ অনুসরণ করলে দেখা যায়, আন্তর্জাতিক পর্যায়ে সরকার কীভাবে বিষয়গুলো মোকাবিলা করবে এবং বিদেশি বিভিন্ন দেশের নাগরিকরা তাদের অভ্যন্তরীণ বিষয়ে অভিকার আদায়ের জন্য সঙ্গ্রামরত থাকলে তাদের সঙ্গে কীভাবে আচরণ করা হবে সেটিও আমাদের সংবিধানে বিবৃত রয়েছে। তিনি আরও বলেন, আমরা মনে করি, রোহিঙ্গা সংকট মূলত মিয়ানমারের অভ্যন্তরীণ সংকট। অন্যদিকে, বাংলাদেশ সরকার বিস্মৃতিতে মানবিক দৃষ্টিকোণ থেকে দেখছে। অনেক বলতে পারেন, রোহিঙ্গারা যখন বাংলাদেশে প্রবেশ করেছে, তখন বিষয়টি আন্তর্জাতিক পর্যায়ে চলে গেছে। আসলে তা নয়। বাংলাদেশ সরকার রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে, তাদের পাশে দাঁড়িয়েছে সম্পূর্ণ মানবিক মূল্যবোধের জায়গা থেকে।

সাংবাদিক দম্পতি শাকিল-ফারজানার

ও ফারজানা রূপা দীর্ঘদিন একাত্তর টেলিভিশনে কাজ করেন। ২০২৪ সালের ৮ আগস্ট তাদের ওই দায়িত্ব থেকে সরিয়ে দেয় একাত্তর টেলিভিশন কর্তৃপক্ষ। ওই সময় শাকিল (হেড অব নিউজ) ও ফারজানাকে (স্পেশাল করেসপন্ডেন্ট ও প্রজেক্টর) চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়। ওই বছরের ২১ আগস্ট তাদের প্রেক্ষার কাটা হয় বলে জানা গেছে।

হাসপাতালে রোগীদের খাবারে মুখ

বাটিতে রেখে দেন। যা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে চলছে তীব্র সমালোচনা। ঘটনার সমালোচনা করে সাংবাদিক আকবর হোসাইন লিখেছেন, “দেখুন অবস্থা। পাণিল থেকে চামচ নিয়ে খাবার টেস্ট সেই চামচ আবার পাতিলেই রাখছেন। এই খাবার রোগীরা খাবেন! পুঁঠুয়াখালী জেলা বিএনপির সেক্রেটারি হাসপাতালে গেছেন খাবারের মান দেখতে। এটা কি ওনার কাজ? ওনাকে এই দায়িত্ব কে দিয়েছে? সিভিল সার্জন কোথায়? নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কোথায়।” মেহেদী হাসান লিমন নামের আরেকজন লিখেছেন, “মস্তব্য না করে কীভাবে পারি! হাসপাতালের মত স্পর্শকাতর প্রেস! কার দায়িত্ব খাবারের মান টেস্ট করার সে বিষয়ে ও মস্তব্য না করি। আবার টেস্ট করার সময় ফোনে ব্যস্ত ফোন নাকের কাছ দিয়ে টেস্ট করল হ্যাঁ ঠিক আছে! সে বিষয়ও না হয় এড়িয়ে গেলাম! যে চামচ টি ব্যবহার করলো সেটা আবার ডিরেক্ট তরকারির মধ্যেই রাখা উচিত? তখাকিলে দলকান মেঝাবীরের চোখে এগুলো কিছুই না।” সেলিনা পারভীন নামের একজন লিখেছেন, “চামচ মুখে দিয়ে সেটা আবার এতগুলো তরকারির মধ্যে রাখলো। পুরো তরকারি এটা হয়ে গেলো।” তমর ফারুক নামের একজন লিখেছেন, “খাবারের মান যাচাই করলে, না খাবারটা নষ্ট করলে।”

নিয়ন্ত্রণ হারিয়ে খাঁদে মালবাহী লরি

মফিজ উদ্দিনের ছেলে আব্দুল হালিম এবং চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলার পৌর এলাকার ইসমাইল হোসেনের ছেলে আবুল হোসেন। ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্রে জানা যায়, লরিটি

ড. শাহীন আখতার হামিদ নারী শিক্ষার অগ্রপথিক

আশ্রাফুল আলম

একজন মানুষের জীবনের আদর্শ কখনো কখনো তৈরি হয় নিজের জীবনের অভিজ্ঞতা থেকে, আবার কখনো জন্ম নেয় মায়ের কোনো অপূর্ণ স্বপ্নের গল্প শুনে। ড. শাহীন আখতার হামিদের জীবনের ক্ষেত্রেও যেন তরাই প্রতিফলন। মায়ের থেকে যাওয়া শিক্ষাজীবন তাঁর মনে যে প্রশ্নের জন্ম দিয়েছিল, পরবর্তী জীবনে শিক্ষা, বিজ্ঞান ও গবেষণার পথে তাঁর দীর্ঘ অভিযাত্রায় সেই প্রশ্নই যেন এক নীরব প্রেরণা হয়ে থেকেছে। বরিশাল জেলার আগলবাড়া উপজেলার সৃজনকাঠী গ্রামের সমুদ্রান্ত মোড়া পরিবারে তাঁর পারিবারিক শিকড়। তাঁর বাবা মো. কামিজ উদ্দিন মোড়া ছিলেন তৎকালীন সময়ের একজন পুলিশ কর্মকর্তা। চাকরির সুবাদে তাঁকে কলকাতা ও দার্জিলিংসহ বিভিন্ন স্থানে দায়িত্ব পালন করতে হয়েছে। শাহীন আখতার হামিদের মা রহিমা বেগম বর্তমানে ১০২ বছর বয়সী। পরিবারে প্রচলিত তথ্য অনুযায়ী, তিনি ছিলেন অসাধারণ মেধাবী। ১৯৩৪ সালে তিনি প্রাথমিক বৃত্তি লাভ করেছিলেন। সে সময় একজন মেয়ের জন্য এমন অর্জন ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। কিন্তু মেধা ও সম্ভাবনা থাকা সত্ত্বেও সামাজিক ও ধর্মীয় অনুশাসনের কারণে মাধ্যমিক শিক্ষার গতি অতিক্রম করার আগেই তাঁর বিয়ে হয়ে যায়। সেখানেই থেকে যায় এক মেধাবী নারীর প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবন। জ্ঞান অর্জনের যে পথ তাঁর জন্য উন্মুক্ত হওয়ার কথা ছিল, সংসারের বাস্তবতায় সেই পথ বন্ধ হয়ে যায়। একজন মেধাবী কিশোরীর স্বপ্ন, সম্ভাবনা ও উচ্চশিক্ষার আকাঙ্ক্ষা পরিণত হয় অসমাপ্ত এক অধ্যায়ে। এই গল্পই ছোট্ট শাহীন আখতারকে গভীরভাবে নেড়ে দিয়েছিল। মায়ের শিক্ষাজীবন কেনে থেকে গেলভুইই প্রশ্ন তাঁকে ভাবিয়ে তুলেছিল। তাঁর মনে হয়েছিল, একজন মানুষের মেধার কি কোনো লিঙ্গ আছে? শুধু নারী হওয়ার কারণে কেন একজন মেধাবী মানুষ শিক্ষা গ্রহণের অধিকার থেকে বঞ্চিত হবেন? মায়ের জীবনের এই অভিজ্ঞতা থেকেই তাঁর মনে জন্ম নেয় এক গভীর উপলব্ধি নারীর মোহাকে থামিয়ে দেওয়া মানে শুধু একজন নারীকে বঞ্চিত করা নয়; একটি পরিবার, একটি সমাজ এমনকি একটি দেশের সম্ভাবনাকেও থামিয়ে দেওয়া। এই উপলব্ধি তাঁর নিজের শিক্ষা গ্রহণের আকাঙ্ক্ষাকে আরও দৃঢ় করে। তাঁর শিক্ষাজীবনের সূচনা হয় পূর্ব সৃজনকাঠী মজিনাবাড়ি প্রাথমিক বিদ্যালয় থেকে। পরে তিনি ভর্তি হন টোলা মাধ্যমিক

বিদ্যালয়ে। গ্রামের শিক্ষাপ্রতিষ্ঠান থেকে শুরু হওয়া সেই পথ তাঁকে ধীরে ধীরে নিয়ে যায় দেশের গতি পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনে। ওয়েবে প্রকাশিত তাঁর জীবনীতে জানা যায়, বরিশালে জন্ম নেওয়া শাহীন আকতার হামিদ বরিশাল, ঢাকা ও চট্টগ্রামে বেড়ে ওঠেন। পদার্থবিজ্ঞানে উচ্চশিক্ষা গ্রহণ করে তিনি ইউক্রেনের Dnepropetrovsk University-তে ১৯৯০ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত Neutrino Physics বিষয়ে পিএইচডি গবেষণা করেন। পরবর্তীতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও গণ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞানে সহযোগী অধ্যাপক হিসেবে

সম্ভবত তাঁর নিজের অর্জনের তালিকা নয় বরং যে গল্প তাঁকে এগিয়ে যেতে শিখিয়েছে, সেটি। সেটি তাঁর মা রহিমা বেগমের গল্প। একজন মেধাবী নারী, যিনি ১৯৩৪ সালে প্রাথমিক বৃত্তি পেয়েও মাধ্যমিক শিক্ষার গতি পেরোতে পারেননি। তাঁর মেধা ছিল, শিক্ষার আকাঙ্ক্ষা ছিল, কিন্তু সময় ও সামাজিক বাস্তবতা তাঁকে সেই সুযোগ দেয়নি। শাহীন আখতারের কাছে এটি ছিল শুধু মায়ের ব্যক্তিগত বেদনা নয়; এটি ছিল একটি বৃহত্তর সামাজিক বাস্তবতার প্রতিচ্ছবি। একজন নারীর শিক্ষা খেমে গেলে শুধু একটি জীবন খেমে যায় না খেমে যেতে পারে একটি পরিবারের সম্ভাবনা, একটি প্রজন্মের অগ্রগতি, এমনকি একটি সমাজের উন্নয়ন। সেই উপলব্ধি থেকেই ড. শাহীন আখতার হামিদের জীবনকে নারী শিক্ষার প্রয়োজনীয়তার একটি প্রতীকী উদাহরণ হিসেবে দেখা যায়। মায়ের যে পথ খেমে গিয়েছিল, তিনি নিজের জীবন দিয়ে যেন সেই পথকে আরও দীর্ঘ করেছেন। আজ হিজরী, শিক্ষক, গবেষক ও লেখক হিসেবে তাঁর পরিচয়ের সঙ্গে তাই মিশে আছে একজন মেধাবী মায়ের অসমাপ্ত স্বপ্নের গল্প। মায়ের শিক্ষা খেমেছিল সামাজিক বাস্তবতার কাছে; মেয়ের শিক্ষা খামেনি। বরং ময়ের অপরূপ শিক্ষার বেদনা থেকেই যেন জন্ম নিয়েছিল মেয়ের এগিয়ে যাওয়ার প্রত্যাশ। ড. শাহীন আখতার হামিদের গল্প তাই শুধু একজন বিজ্ঞানীর সাফল্যের গল্প নয়। এটি একজন মায়ের হারিয়ে

যাওয়া শিক্ষার স্বপ্নকে পরবর্তী প্রজন্মের মাধ্যমে এগিয়ে নেওয়ার গল্প। এটি নারী শিক্ষার প্রয়োজনীয়তার গল্প। এটি প্রমাণ করে মেধাকে সুযোগ দেওয়া হলে একজন নারী শুধু নিজের জীবনেই থাকতে পারেন না, তিনি বহু মানুষের চিন্তার জগতও বদলে দিতে পারেন। আজকের বাংলাদেশে যখন নারী শিক্ষার প্রসার ও নারীক ক্ষমতায়ন নিয়ে আলোচনা হচ্ছে, তখন সৃজনকাঠীর এক মেধাবী মা রহিমা বেগমের থেকে যাওয়া শিক্ষাজীবন এবং তাঁর কন্যা ড. শাহীন আখতার হামিদের আন্তর্জাতিক অঙ্গনে পৌঁছে যাওয়ার গল্পটি আমাদের জন্য এক গভীর শিক্ষা হয়ে থাকতে পারে।

চলতি বছর ডেঙ্গুতে

থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ৮৩৯ জন ভর্তি হয়েছে। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৮৮ হাজার ৯২৯ জনে। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় গেছেন ৭৯৬ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২৬ হাজার ৮৯৭ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছে ঢাকা বিভাগে, ২৮৭ জন। এ ছাড়া খুলনা বিভাগে ১৫৯ জন, বরিশালে ১১৭, চট্টগ্রামে ১০০, ময়মনসিংহে ৭৯ এবং রাজশাহীতে ৭১ জন হাসপাতালে ভর্তি হয়েছে।

চরক্ষ্যাশনে পাচারের উদ্দেশ্যে রাখা

নার্সারি কেন্দ্রের ফরেস্টার ভারপ্রাণ্ত কর্মকর্তা নাহিদা আল খুসবুর নেতৃত্বে একটি দল এই অভিযানে অংশ নিয়ে। রোববার সকালে কছপগুলো বন বিভাগের বুকুরে অবমুক্ত করা হয়। বন কর্মকর্তা আবদুস সালামা জানান, দীর্ঘদিন ধরে একটি চক্র বন্যাগ্রাণী আইন অমান্য করে এলাকাটি থেকে বিলুপ্তপ্রায় কছপ পাচার করে আসছিল। আরোজাতিক বাজারে মাংস ও খেঁচালের চড়া দাম থাকায় কছপ চোরচালান করা হয়। উদ্ধার হওয়া কছপগুলো অতান্ত বিরল প্রজাতির। তবে উদ্ধারকালে কাউকে পাওয়া না যাওয়ায় আসামি অজ্ঞাত রেখে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

একাদশে ভর্তিতে মাইগ্রেশন

নীতিমালা ছিল, এবারও মূলত সেটিই থাকছে। বড় কোনো পরিবর্তন নেই। শুধু বিনএসসি ফি ৬ টাকার জায়গায় ১০ টাকা করা হয়েছে।” তিনি জানান, একাদশ শ্রেণিতে ভর্তির আইনহীন আবেদন শুরু হবে ২ সেপ্টেম্বর। শিক্ষার্থীরা ১৩ সেপ্টেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন। এরপর ১৪ ও ১৫ সেপ্টেম্বর নিচসন ও আসন বন্টনের কার্যক্রম হবে। ২০ থেকে ২২ সেপ্টেম্বরের মধ্যে ভর্তি কার্যক্রম শেষ করার পরিকল্পনা রয়েছে। ২৩ সেপ্টেম্বর থেকে একাদশ শ্রেণির ভ্রাতা শুরু হবে। ভর্তি কার্যক্রমে মাইগ্রেশন রাখার বিষয়ে অধ্যাপক সৈয়দ আরাফাখনসান বলেন, ‘মাইগ্রেশন থাকছে। তবে এবার গুরুত্বই আমরা সব শিক্ষার্থীকে একটি প্রক্রিয়ার মধ্যে নিয়ে আসছি। ১৩ সেপ্টেম্বরের মধ্যে সবাই আবেদন করতে পারবে। পুনর্নির্ধারণের ফলের অপেক্ষায় থাকা শিক্ষার্থীরাও আবেদন করার সুযোগ পাবে।’ তিনি বলেন, কোনো শিক্ষার্থী কোনো কারণে ১০ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে না পারলেও ১৩ সেপ্টেম্বর পর্যন্ত আবেদন করার সুযোগ পাবেন। ফলে প্রথম ধাপেই ভর্তির নির্বাচন প্রায় ৯০ শতাংশ চূড়ান্ত হয়ে যাবে। এরপর প্রয়োজন অনুযায়ী ভর্তির পর মাইগ্রেশনের জন্য আবেদনের সুযোগ রাখা হবে। এদিকে শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারাও জানান, এবারও এসএসসি এবং সমমান পরীক্ষার ফলের ভিত্তিতেই একাদশ শ্রেণিতে ভর্তি করা হবে। এ জন্য কোনো ভর্তি পরীক্ষা নেওয়া হবে না। কেন্দ্রীয়ভাবে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। শিক্ষার্থীদের ফল, পছন্দক্রম এবং প্রয়োজ ক্ষেত্রে রোচালান করা হবে। এদিকে পর ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে। কয়েক বছর ধরে এসএসসি ও সমমান পরীক্ষার ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম চলছে। শিক্ষার্থীরা সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজ বা সমমানের শিক্ষাপ্রতিষ্ঠান পছন্দক্রমে রেখে অনলাইনে আবেদন করতে পারেন। পরে শিক্ষার্থীর ফল, পছন্দক্রম ও প্রয়োজ্য ক্ষেত্রে কোটা বিবেচনায় একটি প্রতিষ্ঠানে ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হয়। এর আগে, গত ১০ আগস্ট এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়। এবার ১১টি শিক্ষা বোর্ডে মোট ১৮ লাখ ২৯ হাজার ৪৮৫ জন পরীক্ষার্থী ছিল। তাদের মধ্যে পাস করেছে ১১ লাখ ৩৮ হাজার ৮৭৭ জন। সারা দেশে একাদশ শ্রেণিতে কলেজ ও মাদ্রাসা মিলিয়ে ভর্তিযোগ্য আসন রয়েছে প্রায় ২৫ লাখ। ফলে এবার মোট আসনের অর্ধেকের বেশি খালি থাকার সম্ভাবনা রয়েছে। তবে আসনসংখ্যা বেশি হলেও জিপ্সি-এ পাওয়া সব শিক্ষার্থী পছন্দের প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন না। কারণ, তুলনামূলক ভায়ে প্রতিষ্ঠানগুলোয় আসনসংখ্যা সীমিত।

‘রোহিঙ্গাদের মানবাধিকার রক্ষায় মিয়ানমারকে অবশ্যই কার্যকর পদক্ষেপ নিতে হবে’

কীর্তনখোলা ডেস্ক

আইনমন্ত্রী মো. আশাদুজ্জামান বলেছেন, আমরা বিশ্বাস করি, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং খালেদা জিয়ার সরকার যেভাবে রোহিঙ্গা সংকটের আন্তর্জাতিক পর্যায়ে সমাধানের উদ্যোগ নিয়েছিল, সেই পথ সুগম হবে। সেই পথ ও এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ২৪ আগস্ট ২০২৬ ৯ ১০ ভদ্র ১৪৩৩

বাংলাদেশ-ভারত গঙ্গা চুক্তি নবায়ন বিহারের আপত্তি নিয়ে যা বললো দিল্লি

কীর্তনখোলা ডেস্ক

গঙ্গার পানি ভাগাভাগি নিয়ে পুরোনো প্রস্তাবের সঙ্গে এবার যুক্ত হচ্ছে বিহারের নতুন দাবি। বাংলাদেশ-ভারতের মধ্যে গঙ্গার পানিবন্টন চুক্তি নবায়নের সময় বিহারের স্বার্থও বিবেচনায় নেওয়া হবে এমন আশ্বাস দিয়েছেন ভারতীয় ও এর পাতায় দেখুন



বরিশালে নকল প্যাকেট ও অনুমোদনহীন ট্রেডমার্ক ব্যবহারে লাখ টাকা জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট

নগরীতে নকল প্যাকেট ও অনুমোদনহীন ট্রেডমার্ক ব্যবহারের অভিযোগে সূর্যমুখী এন্টারপ্রাইজকে এক লাখ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। সম্প্রতি পরিচালিত অভিযানে প্রতিষ্ঠানটির ‘অভিকের চাল’ নামে বাজারজাত করা পণ্যের

প্যাকেট ও বস্তা যাচাই করা হয়। এ সময় প্রকৃত ‘অভিকের চাল’-এর বস্তার সঙ্গে প্রতিষ্ঠানটির বাজারজাত করা প্যাকেটের মধ্যে প্যাকেজিংয়ের পার্থক্য পাওয়া যায়। এতে নকল প্যাকেট ব্যবহারের অভিযোগের সত্যতা মিলেছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এ ছাড়া প্রতিষ্ঠানটিতে থাকা চিনি, গুড়া চাল ও ‘স্পা’ চা

পণ্যের ক্ষেত্রে বিএসটিআই অনুমোদিত ট্রেডমার্ক ও প্রয়োজনীয় লাইসেন্স না থাকার বিষয়টিও অভিযানে ধরা পড়ে। এসব অনিয়মের অভিযোগে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনের ৪৫ ও ৫০ ধারায় সূর্যমুখী এন্টারপ্রাইজকে নগদ এক লাখ টাকা জরিমানা করা হয়। ও এর পাতায় দেখুন

একাদশে ভর্তিতে মাইগ্রেশন থাকছে, নীতিমালায় হৈ তেমন পরিবর্তন

কীর্তনখোলা ডেস্ক

একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে গত বছরের নীতিমালাই বহাল থাকছে। অর্থাৎ আসন্ন উচ্চমাধ্যমিক প্রথম বর্ষে ভর্তি কার্যক্রমে বড় কোনো পরিবর্তন আনা হচ্ছে না। তবে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) সংক্রান্ত ফি ৬ টাকা থেকে বাড়িয়ে ১০ টাকা করা হয়েছে। এ ছাড়া নীতিমালায় উল্লেখযোগ্য কোনো পরিবর্তন নেই। একইসঙ্গে ভর্তি কার্যক্রমে মাইগ্রেশন ব্যবস্থাও থাকবে। বাংলাদেশ আন্তর্জাতিক বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান রোববার (২৩ আগস্ট) এসব তথ্য জানান। অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান বলেন, ‘একাদশে শ্রেণির ভর্তি নীতিমালা আমরা মন্ত্রণালয়ে পাঠিয়েছি। গত বছর যে ও এর পাতায় দেখুন

চলতি বছর ডেঙ্গুতে সর্বোচ্চ মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে পাঁচজনের মৃত্যু হয়েছে। এ সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৮৩৯ জন। চলতি বছরে এক দিনে এটিই সর্বোচ্চ রোগী ভর্তির রেকর্ড। এর আগে গত ১৬ আগস্ট এক দিনে সর্বোচ্চ ৮০৫ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছিল। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৮২ জনের মৃত্যু হলো। এর মধ্যে শুধু আগস্ট মাসেই মারা গেছেন ২৮ জন। এ ছাড়া জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। রোববার (২৩ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের ডেপুটি সেক্রেটারি বুলেটিনে জানানো হয়, শনিবার সকাল ৮টা ও এর পাতায় দেখুন

চিকিৎসা ও ওষুধের ব্যয়ে দিশেহারা মধ্য-নিম্নবিত্ত পরিবার

কাউথালী প্রতিনিধি

পিরোজপুরের কাউথালীতে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের উর্ধ্বমুখী দামের সঙ্গে চিকিৎসা ও ওষুধের ব্যয় বেড়ে যাওয়ায় চাপে পড়েছেন মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের মানুষ। পরিবারের কোনো সদস্য অসুস্থ হলে মাসিক

আয়ের একটি বড় অংশ চলে যাচ্ছে চিকিৎসা ও ওষুধ কেনার পেছনে। ফলে চিকিৎসা ব্যয় মোটামোলের পর অবশিষ্ট আয় দিয়ে সংসারের নিত্যপ্রয়োজনীয় খরচ চালাতে গিয়ে অনেক পরিবারকে হিমমিরে মনুষ্য। পরিবারের বাসিন্দাদের সঙ্গে কথা বলে জানা

জনবল সংকটে ধুকছে আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুর্ভোগে রোগীরা

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তীব্র জনবল সংকটের কারণে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে রোগী ও স্বজনদের। ৫০ শয্যার এই হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর অভাবে কান্ডিফত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন হাসপাতালে আসা রোগীরা। হাসপাতালে বারান্দা ও ফ্লোরের দেয়াল দেয়ালি ভিড়। শয্যা সংকটের কারণে

রোগীকে মেঝেতে চিকিৎসা নিতে হচ্ছে। এসব-রে ও ইপিজি মেশিন দীর্ঘদিন ধরে অচল থাকায় রোগীদের বাইরে গিয়ে বাড়তি খরচে পরীক্ষা করাতে হচ্ছে। এমনকি হাসপাতাল থেকে দেওয়া ঔষধও পর্যাপ্ত না থাকায় বাইরে থেকে কিনতে হচ্ছে।



লঞ্চ থেকে কিশোরীর ঝাঁপ ৩ দিন পর মরদেহ উদ্ধার

হিঙ্গলা প্রতিনিধি

বিরশালের হিঙ্গলা উপজেলায় মেঘনা নদীতে ভাসমান অবস্থায় রোজা (১৪) নামে কিশোরীর মরদেহ উদ্ধার করেছে হিঙ্গলা নৌপুলিশ। রোববার (২৩ আগস্ট) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন হিঙ্গলা নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. ইয়াসিনুল হক। তিনি জানান, ২০ আগস্ট মা ও মামার সঙ্গে ঢাকা থেকে বিরশালের উদ্দেশে পারাবাত-১৮ লঞ্চে রওনা দেয় রোজা। রাত দেড়টার দিকে লঞ্চটি মেঘনা নদীর শাখা নদী অতিক্রম করার সময় হঠাৎ নদীতে ঝাঁপ দেয় সে। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যায়নি। মৃত রোজা ভোলাুর চরফ্যাশন উপজেলার আবুবকরপুর ইউনিয়নের ও এর পাতায় দেখুন



বরিশাল ডিভিশনে মেঘনা লাইফ ইনস্যুরেন্স পিএলসি'র মৃত্যুদাবির ১৫ লাখ টাকা প্রদান

কীর্তনখোলা রিপোর্ট

মেঘনা লাইফ ইনস্যুরেন্স পিএলসি বরিশাল বিভাগের একক বীমা, লোকবীমা ও ইবিভা ডিভিশনের উদ্যোগে ৩০ জন বীমা গ্রাহকের মৃত্যুদাবির ১৫ লাখ টাকার চেক মনোনীত ব্যক্তিদের মাঝে আন্তর্জাতিকভাবে হস্তান্তর করা হয়েছে। গত রোববার (১৬ আগস্ট ২০২৬) বরিশালে কোম্পানীর নিজস্ব ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জয়নাল আবেদীন ভূঞা, কনসাল্টেন্ট ও হেড অব মার্কেটিং ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:
এক্সপোনা ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৪৬৬
০১৭১৪-০৬৮৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



সিগারেট এনে না দেয়ায় ও জনকে কুপিয়ে আহত, দোকান বন্ধ রেখে বিক্ষোভ

কাঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঠালিয়া উপজেলার কচুয়া বাজারে ব্যবসায়ী সমীর চক্রবর্তী ও তার দুই ছেলেকে কুপিয়ে আহত করার প্রতিবাদে এক ঘণ্টা দোকানপাট বন্ধ রেখে বিক্ষোভ ও মানববন্ধন করেছে ব্যবসায়ীরা। রোববার (২৩ আগস্ট) বেলা ১১টার দিকে রাজাপুর-কাঠালিয়া সড়কে এক কর্মসূচি পালন করেন কচুয়া বাজারের ব্যবসায়ী ও এলাকাবাসী। এ সময় হামলাকারী রাজা ফকিরের দৃষ্টান্তমূলক শাস্তি এবং ব্যবসায়ীদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানানো হয়। মানববন্ধনে কচুয়া বাজার সমিতির সভাপতি মো. মোস্তফা হেলাল কিরন, সাধারণ সম্পাদক মো. রিপন, উপজেলা হিন্দু-বৌদ্ধ একা পরিষদের নেতা তপন কুমার হালদার, ব্যবসায়ী মনিরুল ইসলাম, জাকির ও এর পাতায় দেখুন



নিয়ন্ত্রণ হারিয়ে খাঁদে মালবাহী লরি রাতভর অভিযানে জীবিত উদ্ধার দুইজন

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীতে গভীর রাতে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের গভীর খাদে পড়ে যার একটি মালবাহী লরি। দুর্ঘটনায় লরির ভেতরে আটকা পড়েন চালক ও হেলপার। খবর পেয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা রাতভর অভিযান চালিয়ে তাদের দুজনকেই জীবিত উদ্ধার করেন। পরে আহতদের পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (২২ আগস্ট) রাত ১টা ১৫ মিনিটের দিকে পটুয়াখালী সদর উপজেলার বদরপুর ইউনিয়নের গাবুয়া স্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। উদ্ধার হওয়া দুজন হলেন মাহবুব মোহাম্মদপুর উপজেলার খলিশাখা গ্রামের ও এর পাতায় দেখুন



হাসপাতালে রোগীদের খাবারে মুখ দিয়ে চামচ না ধুয়েই আবার পাতিলে রাখলেন বিএনপি নেতা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী জেলা হাসপাতালের রোগীদের খাবারের মান টেস্ট করেছেন পটুয়াখালী জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. মোঃ মজিবুর রহমান টোনি। ভাইরাল হওয়া সেই ভিডিওতে মুখে খাবার দিয়ে আবার চামচ পাতিলে রাখা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। সম্প্রতি ভাইরাল হওয়া এক ভিডিওতে দেখা গেছে, পটুয়াখালী জেলা হাসপাতালে রোগীদের জন্য রান্না করা খাবার টেস্ট করে দেখছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. মোঃ মজিবুর রহমান টোনি। এসময় তিনি যেই চামচ দিয়ে খাবার টেস্ট করছেন হুসেই চামচ আবার ও এর পাতায় দেখুন

বিশিষ্টাধির রহমানির রাহিম



কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৬৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয়ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com